


প্রেস বিজ্ঞপ্তি

অদ্য ৩১/০১/২০১২ইং তারিখে সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন এর ৪১৮ তম নিয়মিত কমিশন সভায় লংকা বাংলা ফাইন্যান্স লিঃ এর রাইট শেয়ার (১:১ অনুপাতে অর্থাৎ বিদ্যমান ১টি শেয়ার এর বিপরীতে ১টি শেয়ার) অনুমোদন করা হয়েছে। এই রাইট শেয়ারের মাধ্যমে লংকা বাংলা ফাইন্যান্স লিঃ কে কমিশন ৮,২৩,৫১,৫০০টি সাধারণ শেয়ার প্রতিটি টাঃ ১০ মূল্যে বাজারে ছেড়ে পুঁজি উত্তোলনের অনুমতি প্রদান করেছে। এর মাধ্যমে লংকা বাংলা ফাইন্যান্স লিঃ ৮২,৩৫,১৫,০০০.০০ টাকা পুঁজিবাজার থেকে উত্তোলন করে মূলধন কাঠামো শক্তিশালীকরণ সহ ব্যাসেল-২ এর শর্ত পরিপালন করবে। এই রাইট শেয়ারের ইস্যু ম্যানেজারের দায়িত্ব পালন করছে এএএ কনসালটেন্টস্ এন্ড ফাইন্যান্সিয়াল অ্যাডভাইজারস্ লিঃ।


৩১/০১/২০১২
মোঃ সাইফুর রহমান
নির্বাহী পরিচালক ও মুখপাত্র
সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন